রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, অক্টোবর ৩, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০বঙ্গাব্দ/০৩ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও.নং-২৮৩-আইন/আয়কর-১৪/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে কর বিধিমালা, ২০২৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর সারণী-২ এর ক্রমিক নং ১০ এর বিপরীতে কলাম ২-এর দফা (খ)-এ উল্লিখিত "আলু" শব্দের পর "মাছ, মাংস," শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

(২) বিধি ৪ এ উল্লিখিত সারণীর ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম ২-এর দফা (ঘ)-এ উল্লিখিত "ব্যক্তিগত নিরাপত্তা" শব্দগুলির পরিবর্তে "বেসরকারি নিরাপত্তা সেবা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৬। **সম্পত্তি হস্তান্তর হইতে কর আদায়।**—(১) আইনের ধারা ১২৫ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর section 17 এর sub-section (1) এর clauses (b), (c) বা (e) এর অধীন দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো নিবন্ধন কর্মকর্তা কোনো দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না সম্পত্তি হস্তান্তরকারি নিম্নবর্ণিত সারণীদ্বয়ে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসেবে এ-চালানের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:—


**মূল্য :** টাকা ১২.০০

**সারণী-১**

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা জেলার গুলশান, বনানী, মতিঝিল ও তেজগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১৫,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১৫,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যেটি অধিক |
| ২। | ঢাকা জেলার ধানমন্ডি, ওয়ারী, তেজগাঁও শিল্পাঞ্চল থানা, শাহবাগ, রমনা, পল্টন, বংশাল, নিউমার্কেট ও কলাবাগান থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যেটি অধিক |
| ৩। | ঢাকা জেলার খিলক্ষেত, কাফরুল, মোহাম্মদপুর, সূত্রাপুর, যাত্রাবাড়ী, উত্তরা মডেল থানা, ক্যান্টনমেন্ট থানা, চকবাজার থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, খিলগাঁও, শ্যামপুর ও গেন্ডারিয়া থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যেটি অধিক |

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| ৪। | ঢাকা জেলার, বিমানবন্দর, উত্তরা পশ্চিম, মুগদা, রূপনগর, ভাষানটেক, বাড্ডা থানা, পল্লবী থানা, ভাটারা, শাহজাহানপুর, মিরপুর মডেল থানা, দারুস সালাম থানা, দক্ষিনখান থানা, উত্তরখান থানা, তুরাগ থানা, শাহ আলী থানা, সবুজবাগ থানা, কদমতলী থানা, কামরাঙ্গীরচর থানা, হাজারীবাগ, ডেমরা ও আদাবর থানার অন্তর্গত সকল মৌজা; গাজীপুর জেলার জয়দেবপুর ও কালীগঞ্জ থানার অন্তর্গত সকল মৌজা এবং নারায়ণগঞ্জ জেলার সদর, রূপগঞ্জ ও সোনারগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৪,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যেটি অধিক |

| ক্রমিক নং | মৌজা | ক-শ্রেণির করহার | খ-শ্রেণির করহার | গ-শ্রেণির করহার | ঘ-শ্রেণির করহার | ঙ-শ্রেণির করহার |
|---|---|---|---|---|---|---|
| ৫। | চট্টগ্রাম জেলার খুলশী, পাঁচলাইশ, পাহাড়তলী, হালিশহর ও কোতোয়ালী থানার অন্তর্গত সকল মৌজা; নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা, সিদ্দিরগঞ্জ, বন্দর থানার অন্তর্গত সকল মৌজা এবং গাজীপুর জেলার সদর, বাসন, কোনাবাড়ী, গাছা, টঙ্গী পূর্ব ও টঙ্গী পশ্চিম থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৮০,০০০ টাকা যেটি অধিক |
| ৬। | ঢাকা জেলার দোহার, নবাবগঞ্জ, কেরাণীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার আকবর শাহ, ইপিজেড, কর্ণফুলী, চকবাজার, চান্দগাঁও, ডবলমুরিং, পতেঙ্গা, পাঁচলাইশ, বন্দর, বাকলিয়া, বায়েজিদ বোস্তামি ও সদরঘাট থানার অন্তর্গত সকল মৌজা এবং নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৮০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ২,০০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৮০,০০০ টাকা যেটি অধিক | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% বা কাঠাপ্রতি ৫০,০০০ টাকা যেটি অধিক |

সারণী-২

| ক্রমিক নং | মৌজা | করহার |
|---|---|---|
| ১। | সারণী-১ এর অন্তর্গত নহে কিন্তু ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশন ও অন্য কোনো উন্নয়ন কর্তৃপক্ষ এবং জেলা সদরে অবস্থিত সকল পৌরসভার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬% |
| ২। | সারণী-২ এর ক্রমিক নং ১ এবং সারণী-১ এর অন্তর্গত নহে এমন অন্য যেকোনো পৌরসভার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৪% |
| ৩। | সারণী-২ এর ক্রমিক নং ১ ও ২ এবং সারণী-১ এর অন্তর্গত নহে এমন সকল উপজেলার (পৌরসভা ব্যতীত) অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ২% |

(২) উপ-বিধি (১) এর অধীনে নিবন্ধিত ভূমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকিলে নিম্নবর্ণিত হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে, যথা:—

(ক) শ্রেণি-ক হইতে শ্রেণি-ঘ এ উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর প্রতি বর্গ মিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যেটি অধিক; এবং

(খ) শ্রেণি-ঙ তে উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর প্রতি বর্গ মিটারে ৫০০ (পাঁচশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৬% (ছয় শতাংশ) এর মধ্যে যেটি অধিক;

(৩) এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে,—

(ক) "ক-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন বাণিজ্যিক এলাকা বুঝাইবে;

(খ) "খ-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন আবাসিক এলাকা বুঝাইবে;

(গ) "গ-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত বাণিজ্যিক এলাকা বুঝাইবে;

(ঘ) "ঘ-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত আবাসিক এলাকা বুঝাইবে;

(ঙ) "ঙ-শ্রেণি" বলিতে "ক-শ্রেণি", "খ-শ্রেণি", "গ-শ্রেণি", "ঘ-শ্রেণি" ব্যতীত অন্যান্য এলাকা বুঝাইবে;

(চ) "ডেভেলপার" বা "রিয়েল এস্টেট ডেভেলপার" বলিতে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ধারা ২ এ সংজ্ঞায়িত ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার বুঝাইবে; এবং

(ছ) "কাঠা" বলিতে ১.৬৫ শতাংশ ভূমি বুঝাইবে।";

(৪) বিধি ৬ক এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ক প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"৬ক। রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে কর সংগ্রহ।**—(১) আইনের ধারা ১২৬ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর বিধান মোতাবেক দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি কোনো ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্ট হস্তান্তরের দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার নিম্নবর্ণিত সারণীতে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে এ-চালানের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:—

**সারণী**

| **ক্রমিক নং** | **মৌজা** | **আবাসিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার)** | **বাণিজ্যিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার)** |
|---|---|---|---|
| ১। | ঢাকা জেলার গুলশান, বনানী, মতিঝিল ও তেজগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | ১,৬০০ টাকা | ৬,৫০০ টাকা |
| ২। | ঢাকা জেলার ধানমন্ডি, ওয়ারী, তেজগাঁও শিল্পাঞ্চল থানা, শাহবাগ, রমনা, পল্টন, বংশাল, নিউমার্কেট ও কলাবাগান থানার অন্তর্গত সকল মৌজা | ১,৫০০ টাকা | ৫,০০০ টাকা |
| ৩। | ঢাকা জেলার খিলক্ষেত, কাফরুল, মোহাম্মদপুর, সূত্রাপুর, যাত্রাবাড়ী, উত্তরা মডেল থানা, ক্যান্টনমেন্ট থানা, চকবাজার থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, খিলগাঁও, শ্যামপুর, গেন্ডারিয়া থানার অন্তর্গত সকল মৌজা | ১,৪০০ টাকা | ৪,০০০ টাকা |

| ক্রমিক নং | মৌজা | আবাসিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) | বাণিজ্যিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার) |
|---|---|---|---|
| ৪। | ঢাকা জেলার, বিমানবন্দর, উত্তরা পশ্চিম, মুগদা, রূপনগর, ভাষানটেক, বাড্ডা থানা, পল্লবী থানা, ভাটারা, শাহজাহানপুর, মিরপুর মডেল থানা, দারুস সালাম থানা, দক্ষিনখান থানা, উত্তরখান থানা, তুরাগ থানা, শাহ আলী থানা, সবুজবাগ থানা, কদমতলী থানা, চকবাজার থানা, কামরাঙ্গীরচর থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, হাজারীবাগ, ডেমরা ও আদাবর থানার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার খুলশী, পাঁচলাইশ, পাহাড়তলী, হালিশহর ও কোতোয়ালী থানার অন্তর্গত সকল মৌজা; গাজীপুর জেলার সদর, বাসন, কোনাবাড়ী, গাছা, টঙ্গী পূর্ব, টঙ্গী পশ্চিম থানার, জয়দেবপুর ও কালীগঞ্জ থানার অন্তর্গত সকল মৌজা এবং নারায়ণগঞ্জ জেলার সদর, ফতুল্লা, সিদ্দিরগঞ্জ, বন্দর, রূপগঞ্জ ও সোনারগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | ১,৩০০ টাকা | ৩,৫০০ টাকা |
| ৫। | ঢাকা জেলার দোহার, নবাবগঞ্জ, কেরাণীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার, আকবর শাহ, ইপিজেড, কর্ণফুলী, চকবাজার, চান্দগাঁও, ডবলমুরিং, পতেঙ্গা, পাঁচলাইশ, বন্দর, বাকলিয়া, বায়েজিদ বোস্তামি ও সদরঘাট থানার অন্তর্গত সকল মৌজা; নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানার অন্তর্গত সকল মৌজা এবং ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশন এ অবস্থিত সকল মৌজা। | ৭০০ টাকা | ২,০০০ টাকা |
| ৬। | ক্রমিক নং ১, ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত নহে এমন সকল এলাকায় | ৩০০ টাকা | ১,০০০ টাকা |

(২) আইনের ধারা ১২৬ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর বিধান মোতাবেক দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি কোনো ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্ট সংশ্লিষ্ট কোনো ভূমি, বা ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক উন্নয়নকৃত কোনো ভূমি হস্তান্তরের দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার নিম্নবর্ণিত সারণীতে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে এ-চালানের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:—

| ক্রমিক নং | এলাকার নাম | করহার |
|---|---|---|
| ১। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী এবং চট্টগ্রাম জেলা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% (পাঁচ শতাংশ), |
| ২। | অন্য যেকোনো জেলা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% (তিন শতাংশ) |

।

(৩) এই বিধির উদ্দেশ্যেপূরণকল্পে, “ডেভেলপার” বা “রিয়েল এস্টেট ডেভেলপার” বলিতে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ধারা ২ এ সংজ্ঞায়িত ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার বুঝাইবে।”;

(৫) বিধি ৮ এ উল্লিখিত সারণীর সারি “গ” এরপর নিম্নরূপ সারি “ঘ” সন্নিবেশিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| ঘ। | অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবসে কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের দিন |

(৬) তফসিল-১ এর বর্ণিত উৎসে কর রিটার্ণ এর তফসিল চ এর অংশ ৩ এর শিরোনাম বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ড. সামস উদ্দিন আহমেদ**
সদস্য (গ্রেড-১)
(কর নীতি)।

তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd